

ইনোভেশন টিমের ২০১৮-১৯ অর্থবছরের নতুন উদ্ভাবনী কর্মপরিকল্পনা

ক্র. নং	উপজেলা	উদ্ভাবনী উদ্যোগের নাম
০১	নাসিরনগর	<p>নাসিরনগর উপজেলার গুনিয়াউক, ভলাকুট, গোয়ালনগর, কুন্ডা, গোকর্ণ ও বুড়িশ্বর (০৬টি) ইউনিয়নে ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপির বরাদ্দ থেকে “Coordinated Development Initiative (CDI) সমন্বিত উন্নয়ন উদ্যোগ” বাস্তবায়ন। নাসিরনগর উপজেলার সকল সরকারি দপ্তর প্রধানগণ মাসের যে কোন একদিন (পূর্ব নির্ধারিত তারিখে) ইউনিয়নের নির্ধারিত স্থানে অবস্থান করবেন এবং ঐ দপ্তরের প্রত্যক্ষ সেবাসমূহ তাৎক্ষণিকভাবে ঐ ইউনিয়নের জনগণের মাঝে প্রদান করবেন। যদি তাৎক্ষণিকভাবে ঐ দপ্তরের সেবা প্রদান সম্ভবপর না হয় তাহলে সেবা প্রার্থীর নাম ও বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করে আনবেন। পরবর্তীতে সংশ্লিষ্ট দপ্তর প্রধান সেবা বঞ্চিতদের মধ্যে কাজিখত সেবা প্রদানের উদ্যোগ নেবেন। এর মাধ্যমে “Sustainable Development Goal”(SDG) বাস্তবায়ন ত্বরান্বিত হবে। প্রতিটি ওয়ার্ডে পাঁচজন সদস্যের সমন্বয়ে ৩টি করে টিম গঠিত হবে। মোট ২৭টি টিম একটি ইউনিয়নে কার্যক্রম পরিচালনা করবেন। এর মাধ্যমে সেবা প্রার্থীগণ কোন প্রত্যক্ষ ও পরোক্ষ সরকারি সেবা থেকে বঞ্চিত হলে তার কাজিখত সেবা প্রাপ্তির পথ নিশ্চিত হবে। সকল সরকারি দপ্তরের প্রত্যক্ষ/ পরোক্ষ সেবা থেকে বঞ্চিত সেবা প্রার্থীগণ এর একটি ডিজিটাল ডেটাবেইজ উপজেলা পর্যায়ে সংরক্ষণ করা হবে। যাতে করে সংশ্লিষ্ট দপ্তর তার দপ্তরের সেবার আওতার বাইরের জনগণকে পর্যায়ক্রমে সেবা প্রদান নিশ্চিত করবেন।</p>